

আল্লাহ বলেনঃ আমি সালাতকে আমার মধ্যে
ও আমার বান্দার মধ্যে
অর্ধেক অর্ধেক ভাগ করে নিয়েছি

আসসালামু আলাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রাহীম।

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ আল্লাহ বলেনঃ আমি সালাতকে আমার মধ্যে ও আমার বান্দার মধ্যে অর্ধেক অর্ধেক ভাগ করে নিয়েছি।

একটি হাদীসঃ মুসলিম ১/২৯৭

হযরত আবু হুরায়রাহ্(রাঃ) থেকে বর্ণিত।

রাসুলুল্লাহ(সাঃ) বলেছেন যে, আল্লাহ বলেছেনঃ আমি সালাতকে আমার মধ্যে ও আমার বান্দার মধ্যে অর্ধেক অর্ধেক ভাগ করে নিয়েছি। অর্ধেক অংশ আমার ও অর্ধেক অংশ বান্দার। বান্দা যা চাইবে তাকে তাই দেয়া হবে।

১। বান্দা যখন **الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ** (২) বলে, তখন আল্লাহ বলেন, আমার বান্দা আমার প্রশংসা করল।

২। বান্দা যখন **الرَّحْمَنِ الرَّحِيمِ** (3) বলে, তখন আল্লাহ বলেন, বান্দা আমার গুণগান করল।

৩। বান্দা যখন **مَا لِكَ يَوْمَ الدِّينِ** (4) বলে , তখন আল্লাহ বলেন, আমার বান্দা আমার শ্রেষ্ঠত্ব বর্ণনা করল।

৪। বান্দা যখন সে যখন বলে **إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ** (5), তখন আল্লাহ বলেন এটা আমার এবং আমার বান্দার মধ্যকার কথা, এবং আমার বান্দার জন্য তাই রয়েছে যা সে চাবে।

৫। অতঃপর বান্দা যখন পাঠ করে

(6) **اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ**

(7) **صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ**

তখন আল্লাহ বলেন, এ সবই তো আমার বান্দার জন্য, এবং আমার বান্দা যা চাবে তার জন্য তাই রয়েছে।

প্রিয় ভাই ও বোনেরা, আমরা সালাতে যখন সুরা ফাতেহা তেলাওয়াত করি , তখন আল্লাহ সাথে সাথে উত্তর দিচ্ছেন। সুতরাং আমাদের উচিত ধীরে ধীরে তারতিলের সাথে তেলাওয়াত করা ও অর্থের দিকে খেয়াল রাখা। আল্লাহ তা'য়লা সালাতে বেশী মনযোগী হওয়ার তৌফিক আমাদেরকে দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

.....